# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩২৯

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب الرِّيَاء والسمعة)

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ الْعَبْدَ إِذَا صَلَّى فِي الْعَلَانِيَةِ فَأَحْسَنَ وَصَلَّى فِي السِّرِّ فَأَحْسَنَ قَالَ اللَّهُ تَعَالَى: هَذَا عَبْدِي حَقًّا . رَوَاهُ ابْن مَاجَه

اسناده ضعیف ، رواه ابن ماجہ (4200) * بقیۃ مدلس و عنعن وقال ابو حاتم :" ھذا حدیث منکر ، یشبہ ان یکون من حدیث عباد بن کثیر " ۔
(ضَعِيفٌ)

বাংলা

৫৩২৯-[১৬] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কোন বান্দা যখন প্রকাশ্যে সালাত আদায় করে তখন উত্তমভাবে আদায় করে এবং যখন নির্জনে সালাত আদায় করে তখনও অনুরূপ উত্তমভাবেই আদায় করে। এমন বান্দা সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন, সে-ই আমার প্রকৃত বান্দা। (ইবনু মাজাহ)

ফুটনোট

যঈফ: বাকিয়্যাহ্ যঈফ, ইবনু মাজাহ ৪২০০, য'ঈফুল জামি ১৪৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (إِنَّ الْعَبْدَ إِذَا صَلَّى فِي الْعَلَانِيَةِ فَأَحْسَنَ) বান্দা যখন প্রকাশ্যে সালাত আদায় করার সময় সকল প্রকার শর্ত, ওয়াজিবাত, সুন্নাত ও মুস্তাহাব কাজগুলো উত্তমরূপে আদায় করে, এমনিভাবে সমস্ত ‘ইবাদতেই প্রকাশ্যে

সুন্দর করে আদায় করে।

আবার মানুষের দৃষ্টির অগোচরে ‘ইবাদত করলেও সুন্দর করে ইবাদত করে, তখন আল্লাহ তা'আলা বলেন,(هَذَا عَبْدِي حَقًّا) আমার এ বান্দা সত্যিই একনিষ্ঠ। তার সমস্ত কার্যকলাপ নিফাক থেকে মুক্ত। সম্ভবত এ কারণেই রাসূলুল্লাহ (সা.) সুন্নাত ও নফল সালাত বাড়ীতে আদায় করতেন। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85308

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন